

প্রেস রিলিজ

২৭ জুন ২০২৪

বাউবিতে অবসরপ্রাপ্ত শিক্ষক কর্মকর্তা ও কর্মচারীদের সংবর্ধনা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা সন্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে ২৭ জুন ২০২৪; বৃহস্পতিবার বাউবির অবসরপ্রাপ্ত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের এক সংবর্ধনা ও পুণর্মিলনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার তাদের দায়িত্বশীল অবদান শ্রদ্ধাভরে স্মরণ করেন। তিনি বলেন, যাদের শ্রম, ঘাম আর মেধায় বাউবি ৩ দশক পার করেছে তাঁরা সব সময়ই আমাদের কাছে সম্মানিত। আমাদের এই ক্ষুদ্র প্রচেষ্টা হয়তো তাদের সেই কর্মের মূল্য দিতে পারবে না কিন্তু আজ সবাই একত্রিত হতে পেরেছি এটাই বড় কথা। তিনি বাউবি অবসরপ্রাপ্ত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের গঠনমূলক পরামর্শ ও সহযোগিতা নিয়ে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে অবদান রাখবে এই আশাবাদ ব্যক্ত করেন। পেনশন জটিলতা দূরীকরণ ও পেনশনের টাকা যেন তাঁরা দ্রুততম সময়ের মধ্যে সহজে উত্তোলন করতে পারেন সেজন্য সংশ্লিষ্ট বিভাগকে আরো আন্তরিকতার সাথে কাজ করারও নির্দেশনা দেন। বাউবির অবসরপ্রাপ্ত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের ওয়েলফেয়ার এসোসিয়েশন গঠনে এগিয়ে আসার আহ্বান জানান এবং তাদের সহযোগিতার আশ্বাস দেন উপাচার্য।



অবসরপ্রাপ্ত শিক্ষক/ কর্মকর্তা/ কর্মচারীর হাতে সম্মানাপত্র তুলে দিচ্ছেন বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলমের সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বাউবির উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, বিভিন্ন স্কুলের ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ। এছাড়াও দেশের বিভিন্ন প্রান্ত থেকে ভারুয়ালি যুক্ত ছিলেন বাউবির আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা, কর্মচারীবৃন্দ। অবসরপ্রাপ্ত ৩৪ জন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের এই অনুষ্ঠানের মাধ্যমে সংবর্ধনা দেয়া হয়। অনুষ্ঠান উপস্থাপনা করেন সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলের শিক্ষক নূর নূর মোহাম্মদ ও রিচিমনি প্রমা। উল্লেখ্য যে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এর নেতৃত্বে বাউবি প্রতিষ্ঠার পর ২০২২ সালের ২৬ জুন প্রথমবার এবং এ বছরে দ্বিতীয় বারের মত অবসরপ্রাপ্ত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বর্ণাঢ্য সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

স্বাক্ষর

ড. আ.ফ.ম. মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)